উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# কর্ণফুলী উপজেলা পরিষদের অক্টোবর,২০২১ মাসের সাধারণ সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব ফারুক চৌধুরী<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ,কর্ণফুলী, চট্টগ্রাম |
| সভার তারিখ | : | ৩১ অক্টোবর ২০২১ |
| সভার সময় | : | সকাল ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-"ক" |
| সভার সংখ্যা | : | ৩৩ তম |

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অদ্যকার সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার জনাব শাহিনা সুলতানাকে অনুরোধ জানান। অত:পর উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী বা আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন, কোভিড-১৯ এর প্রভাবে দীর্ঘদিন লকডাউনের পর বিদ্যালয় খোলার পর অনেকগুলো বিদ্যালয় দর্শন ও পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পরিচালনা করতে দেখা যায়। এ ধারা অব্যাহত রাখার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। তিনি আরো বলেন, ইতোমধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে উপজেলা পরিষদের পক্ষ থেকে তাপমাত্রা পরিমাপক যন্ত্র প্রদান করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচলান্তে কোভিড-১৯ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পরিচালনার কার্যক্রম অব্যাহত রাখার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা শিক্ষা অফিসার |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার,কর্ণফুলী সভায় আরও বলেন যে, জুলধা ইউনিয়নের ৬নং ওয়ার্ডের সনাতন পাড়াস্থ রাস্তার উপর পল্লী বিদ্যুৎ বিভাগের একটি বৈদ্যুতিক খুটি ঝুঁকিপূর্ণভাবে রয়েছে। উক্ত বৈদ্যুতিক খুঁটি দ্বারা কোন দূর্ঘটনা ঘটতে পারে। উক্ত বৈদ্যুতিক খুঁটিটি জরুরী ভিত্তিতে অপসারণের জন্য আবেদন করা হয়েছে। উক্ত আবেদনে উল্লিখিত বৈদ্যুতিক খুঁটিটি অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএম,পল্লী বিদ্যুৎ সমিতি-১,কর্ণফুলী সাব-জোনাল অফিসকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে জুলধা ইউনিয়নের ৬নং ওয়ার্ডের সনাতন পাড়াস্থ রাস্তার উপর পল্লী বিদ্যুৎ বিভাগের ঝুঁকিপূর্ণ খুটিটি জরুরী ভিত্তিতে অপসারণের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্ণফুলী সাব-জোনাল অফিসকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্ণফুলী |
| ০৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন, ১২ থেকে ১৭ বছর পর্যন্ত সকল ছাত্রছাত্রীদেরকে সংশ্লিষ্ট বিদ্যালয়ে কোভিড-১৯ এর ভ্যাকসিন/টিকা দেয়া হবে। সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্যবিধি মেনে কোভিড-১৯ এর ভ্যাকসিন/টিকা দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কর্ণফুলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কর্ণফুলী |
| ০৪ | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সভায় বলেন, ইতোমধ্যে কয়েকটি স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠিত সভাসমূহের কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের বরাবর প্রেরণের প্রয়োজনীয় | সভায় বিস্তারিত আলোচনান্তে ইতোমধ্যে অনুষ্ঠিত স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট কমিটি সদস্য-সচিবগণকে | সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটির সদস্য-সচিব |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | উপজেলা কৃষি কর্মকর্তারর প্রতিনিধি সভায় বলেন যে, শাহমীর পুর ও দৌলতপুর মৌজায় প্রায় ১০০ একর জমি অনাবাদী রয়েছে। উক্ত অনাবাদী জমি চাষাবাদের জন্য অগভীর নলকূপে মোটর চালানোর জন্য বিদ্যুৎ লাইন সংযোগের প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে নলকূপে মোটর চালানোর জন্য বিদ্যুৎ সংযোগের সার্বিক সহযোগিতার করার জন্য এজিএম, পল্লী বিদ্যুৎ, কর্ণফুলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৬ | উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও সভাপতি সভায় বলেন, বিভিন্ন বিভাগ/দপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের তালিকা বা প্রকল্পের কার্যাদেশ/তথ্য উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করা হয় না। ফলে বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ওভারলেপিং/দ্বৈততার সৃষ্টি হতে পারে। উন্নয়ন প্রকল্পের ওভারলেপিং/দ্বৈততা পরিহার করার লক্ষ্যে কোন বিভাগ/ দপ্তর কর্তৃক উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হলে তার একটি তালিকা বা কার্যাদেশের অনুলিপি উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের বরাবর অনুলিপি প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচলান্তে উন্নয়ন প্রকল্পের ওভারলেপিং/দ্বৈততা পরিহার করার লক্ষ্যে কোন বিভাগ/ দপ্তর কর্তৃক উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হলে তার একটি তালিকা বা কার্যাদেশের অনুলিপি উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের বরাবর প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সকল বিভাগের কর্মকর্তা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল বিভাগের কর্মকর্তাগণকে আন্তরিকতার সহিত বিভাগীয় কার্যক্রম গতিশীল রেখে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ জানিয়ে উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১.১০.২০২১

ফারুক চৌধুরী
সভাপতি
উপজেলা মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কর্ণফুলী, চট্টগ্রাম

স্মারক নং-০৫.২০.১৫৩৯.০০.০৩.০০১.২০২১- ৫৮৩(৮)

তারিখঃ ১৫ কার্তিক ১৪২৮ / ৩১ অক্টোবর ২০২১

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৩। জেলা প্রশাসক, চট্টগ্রাম
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম
৫। ভূমি মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় ভূমি মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। সিনিয়র সহকারী সচিব, উপজেলা শাখা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম
৮। সহকারী কমিশনার(ভূমি), কর্ণফুলী, চট্টগ্রাম
৯। উপজেলা........................................ (সকল)অফিসার, কর্ণফুলী
১০। চেয়ারম্যান........................................(সকল)ইউনিয়ন পরিষদ, কর্ণফুলী
১১। ........................................................................................................

৩১/১০/২০২১

শাহিনা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
কর্ণফুলী, চট্টগ্রাম